একই স্মারক ও তারিখে সংশোধিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাপাসিয়া, গাজীপুর
www.kapasia.gazipur.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪১.৩৩৩২.০০০.১৬.০০১.২৬. ৪১৭

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার ( Enumerator) নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী ১লা আগস্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে কাপাসিয়া উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার (Enumerator বা জরিপকারী) নিয়োজিত করা হবে। উক্ত শুমারী কার্যক্রমে অস্থায়ীভাবে তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজার হিসেবে যুক্ত হতে আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্রঃনং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | **তথ্য সংগ্রহকারী** | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮-৪০<br>গ) ট্যাব/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর প্রাপ্তি<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%- এর নিচে নম্বর প্রাপ্তি<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে।<br>(খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি |
| ০২ | **সুপারভাইজার**<br>(প্রতি ০৯জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১জন) | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স: ২৫-৪৫ বছর<br>গ) ট্যাব ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০%+ নাম্বার প্রাপ্তি<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগালিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব,মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা<br>ঘ) ট্যাবলেট চার্জ,ডেটা দক্ষতা | **দৈনন্দিন বাধ্যতামূলক কাজ:**<br>(ক) প্রতিটি গণনা এরিয়া শারিরীকভাবে পরিদর্শন করতে হবে<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই করতে হবে।<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাব চার্জ, ডেটা লিং ও অ্যাপ আপডেট নিশ্চিত করতে হবে। | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%- এর নিচে নম্বর প্রাপ্তি<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে।<br>(খ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি |

**০২। আবেদন ফরম প্রাপ্তির স্থান: উপজেলা সমাজসেবা কার্যালয়, কাপাসিয়া, গাজীপুর হতে সরাসরি অথবা উপজেলা সমাজসেবা কার্যালয়, কাপাসিয়া, গাজীপুর এর ওয়েবসাইটে যার লিংক https://dss.kapasia.gazipur.gov.bd এ পাওয়া যাবে। অফিস চলাকালীন সময়ে নির্ধারিত তারিখ ও সময়র মধ্যে আবেদন জমা দিতে হবে।**

| ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | মৌখিক পরীক্ষার সময় | শর্তাবলীঃ |
|---|---|---|---|
| ২১/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা হতে ২৪/০৭/২০২৬খ্রি. বিকাল ২.০০ টা পর্যন্ত | ২১/০৭/২০২৬ খ্রি. সকাল ১০.০০ টা হতে ২৪/০৭/২০২৬ খ্রি. বিকাল ৪.০০ টা পর্যন্ত | ২৬/০৭/২০১৬ তারিখ সকাল ১০.০০ ঘটিকা | ১) তথ্য সংগ্রহকারীগণ শুমারি চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।<br>২) ফ্যামিলি কার্ড শুমারি চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।<br>৩) তথ্য প্রযুক্তি খাতে দক্ষ হতে হবে।<br>৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবেনা।<br>৫) কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবেনা।<br>৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক ।<br>৭) ট্যাব সযত্নে রক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।<br>৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।<br>৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে । |

২৬/০৭/২০২৬
(হাফিজুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, কাপাসিয়া, গাজীপুর।

CamScanner